

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৬৯

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (ﷺ)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর সাহাবীগণের জীবন-যাপন।

باب مَا جَاءَ فِي مَعِيشَةِ أُصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِد، حَدَّثَنَا وَعُسِّ، قَالَ سَمِعْتُ سَعْدَ بْنَ مَالِك، يَقُولُ إِنِّي أُوَّلُ رَجُلٍ مِنَ الْعَرَبِ رَمَى بِسَهْمٍ فِي سَبِيلِ لَيُّهِ وَلَقَدْ رَأَيْتُنَا نَغْزُو مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَمَا لَنَا طَعَامٌ إِلاَّ الْحُبُلَةَ وَهَذَا السَّمُرَ حَتَّى إِنَّ أَحَدَنَا لَيَضَعُ كَمَا تَضَعُ الشَّاةُ ثُمَّ أَصِبْحَتْ بَنُو أَسَدٍ يُعَزِّرُونِي فِي الدِينِ السَّمُرَ حَتَّى إِنَّ أَحَدَنَا لَيَضَعُ كَمَا تَضَعُ الشَّاةُ ثُمَّ أَصِبْحَتْ بَنُو أَسَدٍ يُعَزِّرُونِي فِي الدِينِ السَّمُرَ حَتَّى إِنَّ أَحَدَنَا لَيَضَعُ كَمَا تَضَعُ الشَّاةُ ثُمَّ أَصِبْحَتْ بَنُو أَسَدٍ يُعَزِّرُونِي فِي الدِينِ لَقَدْ خِبْتُ إِذًا وَضَلَّ عَمَلِي . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَفِي الْبَابِ عَنْ عُتْبَةَ بْنِ غَزْوَانَ .

বাংলা

২০৬৯. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) কায়স (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি সা'দ ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু-কে বলতে শুনেছিঃ আমিই প্রথম আরব ব্যক্তি যে আল্লাহর পথে তীর ছুড়েছে। আমাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে যুক্ত করতে দেখেছি তখন বাবলা বৃক্ষ আর বুনো জাম ছাড়া আমাদের সঙ্গে আহারের কোন কিছুই ছিল না। এমন কি তা খেয়ে আমাদের এক একজন বকরীর মলের ন্যায় মল ত্যাগ করত। এরপর এখন বানূ আসাদরা দীনের বিষয়ে আমার ক্রটি ধরতে আসে। এ যদি হয় তাহলে তো আমি ক্ষতিগ্রস্ত এবং আমার আমলও নিম্বল। সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৬৬ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। এ বিষয়ে উতবা ইবন গাযওয়ান রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Sa'd Bin Malik said:

"I was the first man among the Arabs to shoot an arrow in Allah's cause. I saw that we battled along with the Messenger of Allah(s.a.w) and there was no food for us but Al-Hubla and this Samur, such that one of us would leave



droppings like the droppings of a sheep. Then Banu Asad appeared wanting to instruct me in religion. I would be a loser and have wasted my efforts."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউল্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ক্লায়স ইবন আবু হাযিম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন